

উদ্যোগের শিরোনামঃ
ক্ষুদ্রঋণ সেবা সহজীকরণ

বিদ্যমান সেবাদান পদ্ধতিঃ (প্রসেস ম্যাপ)

বিজ্ঞপ্তি প্রকাশ; প্রয়োজনীয়কাগজপত্র সহ আবেদন জমা; বাছাই; অনুমোদন; চেক প্রদান;
ব্যাংকে চেক জমা; চেকের টাকা কালেকশন।

সমস্যার বিবৃতিঃ

গ্রামীণ নারীরা বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ শেষ করে ক্ষুদ্র ব্যবসা পরিচালনা করে আত্মকর্মসংস্থানের জন্য ঋণ নিতে আগ্রহী হয়। তবে এ ব্যাপারে তারা কোনো তথ্যই জানেনা। ফলে বিভিন্ন তথ্য জানা থেকে শুরু করে ঋণের আবেদন করা এবং ঋণ গ্রহণ পর্যন্ত কয়েকবার জেলা মহিলা বিষয়ক কার্যালয়ে যাতায়াত করে সময় ও আর্থিক ক্ষতির/হয়রানির সম্মুখীন হয়ে ঋণগ্রহণে আগ্রহ হারিয়ে ফেলেন। এমনকি ঋণের টাকার সময়মত ব্যবহার এবং ঋণের কিস্তি পরিশোধে বিলম্ব হয়।

সমাধানঃ

- ❖ ঋণপ্রদানকারী অফিস থেকে ওয়েবসাইটের মাধ্যমে ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্রে অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশের পর ৭-১০(সাত-দশ)দিন সময়ের মধ্যে অনলাইনে আবেদন গ্রহণ।
- ❖ ই-নথির মাধ্যমে উপজেলা কমিটির সভা আহ্বান করে আবেদন যাচাই বাছাই করে তালিকা অনুমোদনপূর্বক অনলাইনে তালিকা প্রকাশ।
- ❖ সংশ্লিষ্ট ইউনিয়নের এজেন্ট ব্যাংকে স্ব-স্ব নামে একাউন্ট খুলে নিজ নিজ একাউন্টে ইএফটি সিস্টেমে টাকা জমা প্রদান।
- ❖ দুই মাস পর হতে ঋণের কিস্তি এজেন্ট ব্যাংকের একাউন্টে অনলাইন পদ্ধতির মাধ্যমে মাদার একাউন্টে টাকা জমা হবে। ফলে গ্রহীতার হয়রানি, সময় ও যাতায়াত খরচ বহুলাংশে কমে যাবে।

নতুন সেবাদান পদ্ধতিঃ (প্রসেস ম্যাপ)

অনলাইনে বিজ্ঞপ্তি ও ফরম প্রকাশ; মোবাইলে এস এম এস ও আগ্রহী মহিলাদের সাথে যোগাযোগ; ইউনিয়ন তথ্যসেবাকেন্দ্রে মহিলাদের যোগাযোগ; অনলাইনে আবেদন; অফিসে আবেদন বাছাই; অনলাইনে অনুমোদিত তালিকা প্রকাশ; একাউন্ট খোলা; ইফটি পদ্ধতিতে টাকা জমা; অনলাইনে কিস্তি পরিশোধ।

প্রত্যাশিত ফলাফল (TCV):

	সময় (দিন/ঘন্টা/মিঃ)	খরচ (টাকা)	যাতায়াত (বার)
--	----------------------	------------	----------------

আইডিয়া বাস্তবায়নের পূর্বে	আবেদন সংক্রান্ত তথ্য প্রাপ্তিতে সময় লেগেছে =১৫ দিন	আবেদন সংক্রান্ত তথ্য প্রাপ্তিতে খরচ হয়েছে =২০০-৩০০/-	আবেদন সংক্রান্ত তথ্য প্রাপ্তিতে আসাযাওয়া করতে হয়েছে =২ বার
	বাড়ি---অফিস পর্যন্ত যাতায়াত সময়=প্রায় এক থেকে ২ ঘন্টা	যাতায়াত খরচ=২৫০ - ৩০০/- সরকারি ফি (স্ট্যাম্প) ব্যতীত অন্যান্য খরচ=১০০- ১৫০/- ।	সেবার আবেদনের জন্য আসা-যাওয়া করতে হয়েছে= ২ -৪বার
	আবেদন পরবর্তী অপেক্ষা ও সেবা প্রাপ্তিতে সময়=১ মাস	খাবার বাবদ খরচ= ২০০- ৪০০/-	অগ্রগতি ও চূড়ান্ত সেবা প্রাপ্তিতে আসা যাওয়া করতে হয়েছে=৪-৬ বার
মোট=	প্রায় দেড়মাস	৭৫০/--১১৫০/-	৮-১০ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	৭-১০দিন	৫০-১০০/-	১-২বার

এক নজরে অনলাইনে ঋণ প্রদান কার্যক্রমঃ

- গত ২৫ নভেম্বর, ২০১৮ অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশের পর অনলাইনে আবেদন গ্রহন করা হয়।
- আবেদন বাছাই করা হয় এবং কমিটির মাধ্যমে অনুমোদন করে তালিকা অনলাইনে প্রকাশ করা হয়।
- তালিকা অনুযায়ী প্রত্যেক আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউপি অফিসে উদ্যোক্তার নিকট প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে উপস্থিত হয়ে এজেন্ট ব্যাংকে একাউন্ট খোলার জন্য মোবাইল ফোনের মাধ্যমে জানিয়ে দেওয়া হয়।
- গত ১৭ জানুয়ারী ২০১৯ তারিখে নিয়ম অনুযায়ী ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পের মাধ্যমে চুক্তিপত্র সম্পাদন পূর্বক ০৮ জন মহিলাকে এক লক্ষ বিশ হাজার (জন প্রতি-১৫,০০০/-) টাকার একাউন্ট পে-চেক প্রদান করা হয়, যা তারা ইউনিয়ন পরিষদের ব্যাংকের এজেন্ট/উদ্যোক্তার নিকট হতে ফ্রি-সার্ভিসে ঋণের অর্থ সংগ্রহ করেন।
- ঋণের পরিশোধিত টাকা জমা প্রদানের জন্য ব্যাংক এশিয়া-র মাইজদীকোর্ট, নোয়াখালী শাখায় মূলধন ও সার্ভিস চার্জ শিরোনামে দু'টি হিসাব খোলা হয়।
- ১৭ মার্চ ২০১৯ তারিখ হতে ঋণ গ্রহীতাদের ঋণের কিস্তি অনলাইন পদ্ধতিতে আদায় শুরু হয়েছে। যা তাদের নির্ধারিত কার্ডে এন্ট্রি হচ্ছে।